মেহেরপুরে নতুন করে আজ আরও ৫ জন করোনায় আক্রান্ত

দীর্ঘদিন পর মেহেরপুরে বেড়েছে করোনায় প্রাদুরর্ভাব। বেশ কিছু দিনের বিরতির পর আবারও মেহেরপুর জেলায় দেখা দিয়েছে করোনা ভাইরাস। যার ফলে আজ মেহেরপুর শহরে নতুন করে আক্রান্ত হয়েছেন ৫ জন।

জানা গিয়েছে, সম্প্রতি করোনা ভাইরাস সন্দেহে ২৪ জনের নমুনা পাঠানো হয়েছিল এর মধ্যে ৫ জনের করোনা পজেটিভ আসে।

সোমবার রাতে সিভিল সার্জন সূত্রে জানাযায়, আক্রান্ত ৫ জনই সদর উপজেলার বাসিন্দা। এ নিয়ে জেলায় বর্তমানে মোট ৮ জন করোনায় আক্রান্ত হয়েছে।

এছাড়াও জেলায় এ পর্যন্ত সম্পূর্ণ সুস্থ হয়ে ৬৮৯ জন বাড়ি ফিরেছে। এবং মৃত্যুবরণ করেছেন ১৭ জন। নতুন করে করোনায় কোনও মৃত্যুর ঘটনা ঘটেনি।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর শহরের, বাসস্ট্যন্ড পাড়ার বিলকিস বেগম (৫৫), মনোয়ারা (৬০), মিশন স্কুল পাড়ার আশরাফ আলী (৫৮), মল্লিক পাড়ার শরিফ সানোয়ার (৪৪) ও সদর উপজেলার চাঁদ আলী (৩০)।

সবাই সামাজিক দূরত্ব মেনে, নিয়মিত সাবান- পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখা সহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলা ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন।

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধে

প্রতিপক্ষের হামলায় আহত-১

বিরোধপূর্ণ জমিতে ঘর নির্মাণে বাধা দেয়ায় আবুল হোসেন ওরফে তোকাদ্দেস (৫৫) নামের একজনকে কোদাল দিয়ে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা। আবুল হোসেন ওরফে তোকাদ্দেসকে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তোকাদ্দেস মেহেরপুরের গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামের স্কুলপাড়ার শরিয়ত মন্ডলের ছেলে।

আহত সুত্রে প্রকাশ, দীর্ঘদিন যাবত জমি জমা নিয়ে গ্রামের আনছার আলীর ছেলেদের সাথে বিরোধ চলে আসছিল। এ নিয়ে গ্রামে ও স্থানীয় পুলিশ ক্যাম্পে বেশ কয়েকবার সালিশ বৈঠক অনুষ্ঠিত হয়। কিন্তু আনছার আলীর ছেলেরা বৈঠকের সিদ্ধান্ত মেনে নিতে অস্বীকৃতী জানায়। সম্প্রতি ওই জমিতে আনছার আলীর ছেলে জাহাঙ্গির ও আলমগীর পাঁকা ঘর নির্মাণ শুরু করে। এনিয়ে সালিশ বৈঠক অনুষ্ঠিত হলেও কোন সুরাহা হয়নি।

গেল রোববার জাহাঙ্গির ও তার লোকজন আবারো ঘর নির্মাণ শুরু করে। আবুল হোসেন এ কাজ করতে নিষেধ করে। এতে রাগান্বিত হয়ে জাহাঙ্গির আলমগীরসহ ৮/১০ জন আবুল হোসেনের মাথায় কোদাল দিয়ে আঘাত করে ও বেধড়ক পিটুনী দেয়। আবুল হোসেন মারা গেছে ভেবে তারা একটি চলন্ত ভ্যান গাড়িতে তুলে দেয় বাড়িতে পৌঁছে দেয়ার জন্য।
আবুল হোসেনের পরিবারের লোকজন দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। পরে তার অবস্থা গুরুতর হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়।
গাংনী থানার সেকেন্ড অফিসার এসআই হাবিব জানান, এব্যাপারে আহতর ভাই আমানুল্লাহ বাদী হয়ে একটি মামলা করেছেন। আসামীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হচ্ছে।

মুজিবনগর-টুঙ্গিপাড়া বাস

সার্ভিস উদ্বোধন প্রসঙ্গে সংবাদ সম্মেলন

মেহেরপুরের মুজিবনগর থেকে গোপালগঞ্জের টুঙ্গিপাড়া পর্যন্ত বিআরটিসি বাস সার্ভিস উদ্বোধন উপলক্ষে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠি হয়। সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। সংবাদ সম্মেলনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী উপলক্ষে মুজিবনগর-টুঙ্গিাপাড়া বিআরটিসি বাস সার্ভিস উদ্বোধন ও “স্বাধিনতার সুবর্ণজয়ন্তী, স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ” উদযাপন বিষয়ে আলোচনা করা হয়।

আগামী ১৭ মার্চ মুজিবনগর-টুঙ্গিপাড়া বাস সার্ভিসের উদ্বোধন করবেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন। প্রতিদিন সকাল ৬ টা থেকে মুজিবনগর থেকে ছেড়ে যাবে বাসটি এবং পরের দিন সকাল ৬ টায় পুনরায় মুজিবনগরে ফিরে আসবে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভর্তুকি দিয়ে ১৭ মার্চ থেকে ২২ পর্যন্ত এবং ২৮ থেকে ৩১ মার্চ পর্যন্ত মাত্র ৪শ টাকায় আসা যাওয়া করা যাবে। পরবর্তিতে যাত্রীর চাহিদা অনুযায়ি ভাড়া নির্ধারণ করা হবে।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল হক, সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সেলিম শাহনেওয়াজ, গোপালগঞ্জ ডিপোর বিআরটিসি ম্যানেজার জামশেদ আলী, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক আল আমিন প্রমুখ।

গাংনীতে ইটভাটা ব্যবসায়ীকে জরিমানা

মেহেরপুরের গাংনীতে বিবিএল ইটভাটার স্বত্বাধিকারী রাশেদুল ইসলাম সোহাগ কে ৩০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। সোমবার দুপুরে এ জরিমানা করেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর-ই- আলম সিদ্দিকী।

গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নুর-ই- আলম সিদ্দিকী জানান,, ইটভাটায় মাটি বহনকালে রাস্তা নষ্ট ও পথচারীদের ধ্বুলি জনিত কারণের জন্য,ইটভাটা প্রস্তত ও ভাটা নিয়ন্ত্রণ আইনের ২০১৩ এর ৫/১৫(২) ধারা মোতাবেক বিবিএল ইটভাটা স্বত্বাধিকারী রাশেদুল ইসলাম সোহাগকে ৩০হাজার জরিমানা করা হয়। গাংনী থানা পুলিশের একটি টিম ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহযোগিতা করেন।

গাংনীতে ভোক্তা অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা

বিশ^ ভোক্তা অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা করেছে মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসন। সোমবার সকালে উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম এ খালেক ।

গাংনী উপজেলা নির্বাহি অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা কাজি মোঃ আবুল মুনসুর ও গাংনী প্রেসক্লাবের সভাপতি প্রভাষক রমজান আলী প্রমূখ।
এসময় বিভিন্ন সরকারী ও বেসরকারী দপ্তরের কর্মকর্তা কর্মচারী ও

ঝিনাইদহে বর্নাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ প্রতিদিনের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

ঝিনাইদহে বর্নাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ প্রতিদিন পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার সকাল ১১টার দিকে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে এক র্যালী বের করা হয়।

র্যালী শেষে প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রেসক্লাবের সভাপতি এমএ রায়হানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্বাস বিল্ডার্সের কনধর ও শৈলকুপা আবাইপুর ইউনিয়নের চেয়ারম্যান হেলাল বিশ্বাস, সিনিয়র সাংবাদিক বিমল সাহা, সিনিয়র সাংবাদিক সাইফুল মাবুদ, সদর থানার ওসি মিজানুর রহমান, সদর উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারন সম্পাদক আবু সাঈদ বিশ্বাস প্রমূখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রেসক্লাবের সহ-সম্পাদক, আমার সংবাদের ঝিনাইদহ জেলা প্রতিনিধি। প্রভাষক কে এম সালেহ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ প্রতিদিন পত্রিকার ঝিনাইদহ জেলা প্রতিনিধি শেখ রুহুল আমিন। আলোচনা সভা শেষে অতিথিরা ১২ বছর পদার্পণ উপলক্ষে কেক কাটেন।

প্রধান অতিথি তার বক্তব্য বলেন, জাতি গঠনে সংবাদপত্রের ভূমিকা গুরুত্বপূর্ণ। দেশ ও জনগণের উন্নয়নে সাংবাদিকরা বলিষ্ঠ ভূমিকা পালন করে থাকেন। বাংলাদেশ প্রতিদিন দেশের সর্বাধিক পাঠকপ্রিয় ও পাঠক সমাদৃত পত্রিকা। তিনি বাংলাদেশ প্রতিদিন পত্রিকার মালিক, প্রকাশক, সম্পাদকসহ সকল পত্রিকার সাথে সংশ্লিষ্ট সকলকে শুভ

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে এসবি প্রধান কে অভিনন্দন

এসবির প্রধান মনিরুল ইসলাম কে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন চুয়াডাঙ্গার মানবিক পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

বাংলাদেশ পুলিশের মেধাবী, বিনয়ী, সাহসী এবং জনবান্ধব কর্মকর্তা, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার মনিরুল ইসলাম বিপিএম(বার), পিপিএম(বার)’কে বাংলাদেশ পুলিশের গুরুত্বপূর্ণ ইউনিট বিশেষ শাখা(এসবি) এর এডিশনাল ইন্সপেক্টর জেনারেল (চলতি দায়িত্ব) পদে পদায়ন করায় চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের মানবিক পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

পুলিশের বিশেষ শাখার (এসবি) প্রধান হয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার ও কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিটের প্রধান মনিরুল ইসলাম।

গতকাল রোববার (১৪ মার্চ) সকালে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে তাকে পুলিশের বিশেষ শাখার অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (চলতি দায়িত্ব) করে আদেশ জরি করা হয়েছে।

২০১৬ সালের ১৬ ফেব্রুয়ারি জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ নির্মূলে পুলিশের নবগঠিত কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার মনিরুল ইসলাম।

মনিরুল ইসলামের জন্ম ১৯৭০ সালের ১৫ জুন। তিনি নর্থামব্রিয়া বিশ্ববিদ্যালয় থেকে ব্রিটিশ আইনে স্নাতক। তিনি ১৯৯৫ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) পরীক্ষার মাধ্যমে এএসপি হিসেবে

বাংলাদেশ পুলিশে যোগদান করেন। তিনি গোয়েন্দা শাখায় ৯ বছর এবং স্পেশাল ব্রাঞ্চে দুই বছর দায়িত্ব পালন করেছিলেন। এছাড়া তিনি সিটিটিসির অন্যতম প্রতিষ্ঠাতা কর্মকর্তা।

কর্মজীবনে স্বীকৃতি হিসেবে তিনি বাংলাদেশ পুলিশ পদক ও রাষ্ট্রপতি পুলিশ পদক পেয়েছেন।

আলমডাঙ্গায় মাটি কাটার অভিযোগে একজনকে ৫০ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় অবৈধ ভাবে মাটি কাটার অভিযোগে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।
গতকাল রবিবার বিকেল ৫ টার দিকে উপজেলার রংপুর গ্রামে এ ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে রংপুর গ্রামের ইসমাইল হোসেনকে মাটি ব্যবস্থাপনা আইনে ৫০ হাজার টাকা জরিমানা করে।
জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার খাদেমপুর ইউনিয়নের রংপুর গ্রামের শফিউল্লাহর ছেলে ইসমাইল হোসেন। তিনি দীর্ঘদিন যাবৎ পুকুর খননের নামে মাটি কেটে ভাটায় বিক্রয় করে আসছে।
প্রশাসনের চাপের কারণে সে মাটি ভিন্ন প্রক্রিয়ায় দিনের বেলায় না কেটে রাতে স্কেভেটর দিয়ে মাটি কেটে ট্রাক্টর যোগে ভাটায় বিক্রয় করে।
এ কারণেই রাস্তায় কাঁদা মাটি পড়ে ত্রিব্য ধুলায় পরিণত হয়। মাটি পরিবহনের কারণে ব্যবহার করা হয় অতিরিক্ত ট্রাক্টর। এ ট্রাক্টর গুলো দ্রুত গামীতে চলাচল করায় সাধারণ লোকজন দুর্ঘটনার কবলে পড়ে।
এমন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা সহকারি কমিশনার (ভূমি) হুমায়ন কবির সঙ্গীয় আলমডাঙ্গা থানা পুলিশ অভিযান পরিচালনা করেন। অভিযানে রংপুর গ্রামের ইসমাইল হোসেনকে মাটি ব্যবস্থাপনা আইনে ৫০

কালীগঞ্জে দেশী চোলাই মদসহ এক মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জে ২০ লিটার দেশী চোলাই মদসহ আশরাফুল আলম (৪০) কে আটক করেছে পুলিশ।
গতকাল রবিবার সকালে এ মদ নিয়ে আসার পথে কাশিপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়।
আটক আশরাফুল আলম পৌর এলাকার ঈশ্বরবা গ্রামের আবুল হোসেনের ছেলে।
কালীগঞ্জ থানার এস আই জাকারিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে কোঁটচাদপুর এলাকা থেকে একজন মাদক ব্যবসায়ী কিছু চোলাই মদ নিয়ে কাশিপুর গ্রামের রোড দিয়ে আসছে। এমন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালানো হয়। এসময় আশরাফুল নামের একজনের সাথে থাকা বস্তা তল্লাশী করে ২০ লিটার চোলাই মদসহ আটক করা হয়।
সে দীর্ঘদিন ধরে পুলিশের চোখ ফাঁকি দিয়ে চোলাই মদ বিক্রি করে আসছিল। কালীগঞ্জ থানায় মাদক আইনে একটি মামলা হয়েছে।

কল্যান মূলক কাজের মাধ্যমে জনপ্রিয় হয়ে উঠেছেন চেয়ারম্যান পদপ্রার্থী -রিপন খাঁন

আসন্ন ইউনিয়ন পরিষদের নির্বাচনকে সামনে রেখে নির্বাচনী পথসভাও গণসংযোগসহ দরিদ্রদের মাঝে কম্বল বিতরণ সহ নানা উন্নয়ন মূলক কাজ করেছেন ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সহ সভাপতি ও ১২নং নিত্যানন্দপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী এম রিপন খান জয়। এম রিপন খান জয় এর গ্রামের বাড়ি রুপদাহ,নিত্যানন্দপুর ইউনিয়ন, শৈলকুপা,